

# যুগান্তর

## এই সরকারের আমলে শিক্ষা ক্ষেত্রে বিপ্লব ঘটেছে

-শিক্ষামন্ত্রী

প্রকাশ : ১২ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



গোলাপগঞ্জ (সিলেট) প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বর্তমান সরকারের আমলে দেশে শিক্ষার ক্ষেত্রে বিপ্লব ঘটেছে। ছাত্র-ছাত্রীদের সুশিক্ষায় শিক্ষিত করতে বিভিন্ন স্কুলকে কলেজ রূপান্তরিত করা হয়েছে। অনেক স্কুল-কলেজ এমপিও করা হয়েছে। তিনি বলেন, নকল করে নয় লেখাপড়া করে শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। তিনি রোববার সিলেটের গোলাপগঞ্জে এক শিক্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। উপজেলা লক্ষণাবন্দে আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ‘শিক্ষকতা ও আমাদের করণীয়’ শীর্ষক কর্মশালায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শরীফুল ইসলাম, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অভিজিত কুমার পাল, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রফিক উদ্দিন, পৌর আওয়ামী লীগের সম্পাদক সৈয়দ মিছবাহ উদ্দিন প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।